

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

প্রশাসন-৩ শাখা



প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের অক্টোবর/২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	রুহী রহমান অতিরিক্ত সচিব
সভার তারিখ	১১ অক্টোবর ২০২২
সভার সময়	১১.৩০ টা
স্থান	অফিস কক্ষ
উপস্থিতি	প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের কর্মকর্তাবৃন্দ।

সভায় উপস্থিত প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে এ অনুবিভাগের সেপ্টেম্বর/ ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত আলোচনা করা হয় এবং কোনো সংযোজন/ বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। অতঃপর গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপন করা হয় এবং এ অনুবিভাগ ২টির অধীন কর্মকর্তাগণ তাদের স্ব স্ব অধিশাখা/শাখার কার্যক্রম সভায় তুলে ধরেন।

সভায় ই-নথির কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে এ ধারা অব্যাহত রাখতে সকলে সচেষ্ট থাকবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, এ বিভাগের অনেক কর্মকর্তা/ কর্মচারীর জাতীয় সংসদের কার্যপ্রণালীর উপর কোন ধারণা নেই। সেজন্য ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধির সম্পর্কে একটি প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। তাছাড়া দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রশাসনিক/ ব্যক্তিগত কর্মকর্তা সহ ৩য় শ্রেণির কর্মচারীদের সচিবালয় নির্দেশমালা ভালভাবে জানা দরকার।

সভাপতি বলেন, জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তা/ কর্মচারীদের কোভিড পরবর্তী স্বাস্থ্য ও মনোবল অটুট রাখতে ১৫- ১৯ অক্টোবর ২০২২ পর্যন্ত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে। ইতোমধ্যে সকলের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। কর্মকর্তা/ কর্মচারীরা ৮টি ইভেন্টের বিভিন্ন খেলায়/ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। অনুষ্ঠানটি বাস্তবায়নের জন্য বেশ কয়েকটি কমিটি/ উপকমিটিও গঠন করা হয়েছে। তিনি অনুষ্ঠানটি সুন্দর ও সফল করতে প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য বিভিন্ন নির্দেশনা প্রদান করেন।

সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

সিদ্ধান্তসমূহঃ

ক্রঃ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	এ বিভাগের ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের সংসদের কার্যপ্রণালী বিধি সংক্রান্ত একটি প্রশিক্ষণ এবং প্রশাসনিক/ ব্যক্তিগত কর্মকর্তাসহ ৩য় শ্রেণির কর্মচারীদের সচিবালয় নির্দেশমালা এর উপর একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	উপসচিব (প্রশাঃ-১)
২।	আগামি ১৫- ১৯ অক্টোবর ২০২২ পর্যন্ত এ বিভাগের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং সভাপতি হিসেবে সিনিয়র সচিব মহোদয় উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি সুন্দর ও সফলভাবে সম্পন্ন করার জন্য সকলকে আন্তরিকতার সাথে নির্ধারিত দায়িত্ব পালন করতে হবে।	সকল কর্মকর্তা, প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগ
৩।	জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তার বিদেশ ভ্রমণ সংক্রান্ত জিও এ বিভাগের প্রশাসন-১ শাখার অনুমোদনক্রমে আইসিটি সেল আপলোড করবে।	উপসচিব (প্রশাঃ-১), আইসিটি সেল,
৪।	প্রশাসন-১ ও আইসিটি সেল বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি ডাটাবেজ-এ সংরক্ষণ করবে।	জননিরাপত্তা বিভাগ
৫।	এ অনুবিভাগের চিঠিপত্র শতভাগ ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে।	সকল কর্মকর্তা, প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগ

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



রুহী রহমান
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২২.২১১

তারিখ: ৩ কার্তিক ১৪২৯

১৯ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জননিরাপত্তা বিভাগ
- ৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৪) উপসচিব, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
- ৭) উপসচিব, প্রশাসন-৩ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ১০) প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ১১) সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ
- ১৩) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ



আশাফুর রহমান
উপসচিব